


## সেতার – একটি কবিতা



লেখিকাঃ কাকলী ঘোষ বিশ্বাস  
 যোগাযোগঃ kakolibiswas@gmail.com  
 পরিচিতিঃ কাকলী কলকাতার একটি শিক্ষাপ্রতিষ্ঠানে ইংরেজী সাহিত্যের শিক্ষিকা। কবিতা লেখেন প্রাণের তাগিদে, সচেতন ও সংবেদনশীল মনের ভাবপ্রকাশ করতে।

ও সেতারে হাত দিয়োনা  
 তার যে গেছে ছিঁড়ে  
 জমেছে যে অনেক ধুলো  
 বহু বছরে  
 বাজতে যে চায়না ও আর  
 বিশ্রাম চায়  
 অনেক বেজেছে আগে  
 যুগ যুগ প্রায়  
 সুর ছিল তাল ছিল  
 লয় ছিল যখন  
 অবিরত কারা ওকে  
 বাজাতো তখন  
 ঝরতো সুরে উছল হাসি  
 বেদনাশ্রু ধারা  
 বন্ধ অন্ধকারে ফেলে  
 চলে গেল তারা  
 কাজ যে ফুরিয়েছে ওর  
 মৌন একাকিনী  
 বাজে নতুন যন্ত্রে আজ ওই  
 পুরোনো রাগিণী  
 তুমি ধরতে চেয়োনা ওকে  
 ক্লান্ত সেতার  
 ধুলোমাখা ছেঁড়া তারে  
 সুর নেই আর

## নিদ্রাধনা

অন্ধকারের চোখের পাতায় ভারী হয়ে  
তুমি আসো ... দুর্দম, কোন দুঃসাহসে  
গরম লেপের আনাচ-কানাচ ফাঁক-ফোকরে  
শীতের রাতে ঠাণ্ডা যখন জড়ায় এসে

যেমন কোন ঈষদুষ্ণ গ্রীষ্ম রাতে  
আকাশ মোড়া বিকিমিকি হীরেয় কতো  
প্রেমিকযুগল বন্ধ স্নিগ্ধ আলিঙ্গনে  
কমনীয় তুমি, দীর্ঘশ্বাসের মতো

অঝোর ধারে বৃষ্টি ভেজা রাত্রে যেমন  
গাঢ় প্রেমের মতোই ঘন মেঘে ঢাকে  
মণিদীপ আর জ্যোৎস্না তারই আড়াল থেকে  
আদরমাখা ছোঁওয়া বুলায় আকাশটাকে

তুমি তো যাও সবার পাশে একে একে  
যেখানে হোক, কুঁড়ে ঘর বা প্রাসাদমাঝে  
এড়াও তবু যে তোমারে সবচেয়ে চায়  
প্রিয়তম, এসো ফিরে আমার কাছে

(মূল ইংরাজী থেকে ভাষান্তরঃ কৌশিক দত্ত)

## SLEEP

Hanging heavy on the eyes of darkness  
You come... overpowering and bold  
Creeping under woolen blankets  
When winter nights are cold

On warm and balmy summer nights  
With diamonds in the sky  
And lovers tight in sweet embrace  
You're tender as a sigh

On slushy, pouring, rainy nights  
With clouds as thick as love  
The hidden glow of moon and stars  
Caress the sky above

You come to one and all, for sure  
In a palace or a shack  
Yet elude the one who craves for you  
Beloved, please come back.

*October 1, 2004.*